

**দিনাজপুর মেডিক্যাল  
কলেজে অনুপস্থিত ১২  
শিক্ষকে শো-কজ**

■ স্নাতক রিপোর্টার, দিনাজপুর  
মেডিক্যাল কলেজ  
হাসপাতালের ১২ জন শিক্ষক  
অনিয়মিত-উপস্থিত থাকায় তাঁদের  
বিরুদ্ধে হাসপাতাল পরিচালনা  
কমিটির পক্ষ থেকে একাধিকবার  
কারণ দর্শানোর নোটিশ প্রদান করা  
হয়েছে।

দিনাজপুর মেডিক্যাল কলেজ  
হাসপাতালের অধ্যক্ষ ডা. কামরুল  
আহসান জানান, ১২ জন শিক্ষক  
অনুপস্থিত থাকায় তাঁদের বিরুদ্ধে  
একাধিকবার, কারণ দর্শানোর নোটিশ  
প্রেরণ করা হয়। এরপর কলেজ  
পরিচালনা পরিষদের মাসিক সভায়  
বিষয়টি আলোচনা পৃষ্ঠা ২ কলাম ৩

**দিনাজপুর মেডিক্যাল**

২০ পৃষ্ঠার পর  
করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য যাত্রা সত্রালায় ও যাত্রা অধিদপ্তরে গত ৩১  
জানুয়ারি অবহিতকরণ পত্র প্রেরণ করা হয়েছে।

দিনাজপুর মেডিক্যাল কলেজে ১৫১টি শিক্ষক পদের মধ্যে ৫৩ পদই যে কেবল শূন্য  
তা নয়, যারা কর্তব্যরত তাদের অনেক পরহাজির থাকেন নিয়মিত। যাত্নোকেমিস্ত্রি  
বিভাগের সহকারী অধ্যাপক জমিদত্বীন ঢাকাতেই থাকেন। দু'মাস পর পর একদিনের  
জন্য কলেজে আসেন। মাইক্রোবায়োলজি বিভাগের সহযোগী অধ্যাপক একেএম মুধা  
থাকেন ময়মনসিংহে। ক্যামিওগ্রাফি অধ্যাপক আবুল হাসনাত ফেরদৌস ঢাকাতে  
থাকেন। মাসে ৪ দিন ক্রাস বেন। গাইনি বিভাগের সহকারী অধ্যাপিকা রাবেয়া খাতুন  
থাকেন রাজশাহীতে। রেসপিরেটরি বিভাগের অধ্যাপক আতিকুর রহমান ঢাকায় অবস্থান  
করেন। মেডিসিন বিভাগে রাজিউল আমন, সহকারী অধ্যাপক আব্দুল গতিফ, সহকারী  
অধ্যাপক আমিরুলকামান, গাইনির সহকারী অধ্যাপক নাসরিন জামান এবং ইউরোলজি  
বিভাগের সহকারী অধ্যাপক জাবিদ হাসান। রক্ত পরিস্ফুটন বিভাগের সহকারী  
অধ্যাপক একেএম মামুনুদ্দিন, নাক কান গলা বিভাগের সহকারী অধ্যাপক  
ডা. মো. সফিউল্লাহ দিনাজপুরের বাইরে অবস্থান করে নিয়মিত পরহাজির থাকেন। এসব  
শিক্ষকদের বিরুদ্ধে ৩১ জানুয়ারি কলেজ কর্তৃপক্ষ কারণ দর্শানোর নোটিশ প্রেরণ  
করেছে।